দৈনিক বাংলা

তারিখ ২১।৮।৮১
পৃষ্ঠা ... কলাম ...

017

# চট্টগ্রামে রবার ইনষ্টিটিউট হবে

চট্টগ্রাম, ১০ই আগস্ট (বাসস)—খুব শিগগির একটি রবার প্রযুক্তি ও প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন করা হবে। এর জন্য ৩১ লাখ টাকার বৈদেশিক মুদ্রাসহ ৬৭ লাখ টাকা ব্যয় হবে।

আজ সরকারী সূত্রে জানা গেছে, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন সংস্থার কর্মী ও বেসরকারী রাবার উৎপাদকগণ ইন্সটিটিউটে প্রশিক্ষণের সুযোগ পাবেন। ১৯৮২-৮৩ সালে ইন্সটিটিউটে কাজ শুরু হবে বলে আশা করা হচ্ছে। সূত্র জানান, বৈদেশিক মুদ্রার পুরোটাই এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) থেকে পাওয়া যাবে।

চট্টগ্রাম জেলার ফটিকছড়ি থানায় দাঁতমারা রবার বাগানে ইন্সটিটিউট স্থাপন করা হবে। দেশে রবার চাষ উন্নয়নের উদ্দেশ্যে ইন্সটিটিউটে উচ্চ ফলনশীল রবার গাছের বীজ ও চারা উদ্ভাবনের জন্য গবেষণারও সুযোগ থাকবে। বর্তমানে রবার গাছের বীজের জন্য বিদেশের ওপর বিশেষতঃ শ্রীলংকার ওপর বহুলাংশে নির্ভর করতে হয়।

এই সূত্রে জানা গেছে রবার চাষে স্বনির্ভরতা অর্জনের উদ্দেশ্যে সরকার ৬০ হাজারেরও বেশী একর জমিতে রবার চাষের এক ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছেন। বর্তমানে বন শিল্প উন্নয়ন সংস্থা ১৩ হাজার ৬২০ একর জমিতে রবার চাষ করে।

এছাড়া রবার চাষের জন্য প্রায় চারশ বেসরকারী রবার উৎপাদককে চলতি বছর পার্বত্য চট্টগ্রামে প্রায় ১০ হাজার একর জমি বরাদ্দ করা হয়েছে।